103880 - সিন্ধুকী কবর (শাক্ক) ও বগলী কবর (লাহদ)-এর বিবরণ

প্রশ্ন

সিন্ধুকী কবরে (শাক্ক) দাফনকৃত মৃত ব্যক্তির মুখের উপর সরাসরি মাটি ঢেলে দেওয়া দেওয়া কি জায়েয? এই কাজের (সিন্ধুকী কবরে মৃত ব্যক্তি দাফনের) সঠিক পদ্ধতি কী? যেহেতু বাধ্য হয়ে এমন কবর দিতে হয়?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এক:

সিন্ধুকী কবরের (শাক্ক) বিবরণ: কবরের মাঝখানে মৃত ব্যক্তির দেহের সমান একটা গর্ত খুঁড়া। উক্ত গর্তের দুই পাশে কাঁচা ইট দিয়ে নির্মাণ করা; যাতে করে মাটি মৃত ব্যক্তির উপর ধ্বসে না পড়ে। মৃত ব্যক্তিকে ডান কাতে কিবলামুখী করে এর ভেতরে রাখা। তারপর ঐ গর্তটির উপর পাথর বা এ জাতীয় অন্য কিছু দিয়ে ছাদ দেয়া। ছাদ কিছুটা উপরে করা; যাতে করে সেটি মৃত ব্যক্তিকে স্পর্শ না করে। এরপর মাটি ঢালা।

বগলী কবরের (লাহদ) বিবরণ: কবরের যে দেয়ালটা কিবলার দিকে সেটার নিম্নাংশে একটা গর্ত করা। মৃত ব্যক্তিকে ডান কাতে কিবলামুখী করে সে গর্তের ভেতরে রাখা। তারপর মৃতব্যক্তির পিঠের দিকে বিদ্যমান গর্তের মুখ ইট দিয়ে বন্ধ করে দেয়া। এরপর মাটি ঢালা।

দেখুন: আব্দুল্লাহ আস-সুহাইবানীর ‘আহকামুল মাক্বাবির ফিশ-শরীয়াহ আল-ইসলামিয়্যাহ’ (পৃষ্ঠা-৩০)

আলেমদের ইজমা (ঐকমত্য)-এর ভিত্তিতে লাহদ ও শাক্ব উভয়টি জায়েয। তবে লাহদ তথা বগলী কবর উত্তম। কারণ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কবরের ক্ষেত্রে এমনটি করা হয়েছিল। সহিহ মুসলিমে এসেছে (৯৬৬), সাদ ইবন আবী ওয়াক্কাস রাদিয়াল্লাহু আনহু মৃত্যুকালীন অসুস্থতার সময় বলেন: ‘তোমরা আমার জন্য একটা বগলী কবর (লাহদ) খনন করবে এবং আমার কবরের উপর সেভাবে ইট স্থাপন করবে যেভাবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কবরে করা হয়েছিল।’

ইবন কুদামা রাহিমাহুল্লাহ তার ‘আল-মুগনী’ বইয়ে (২/১৮৮) বলেন: ‘মৃত ব্যক্তির কবর লাহদ করা সুন্নাহ, যেমনিভাবে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কবর লাহদ করা হয়েছিল।’

নববী রাহিমাহুল্লাহ তার ‘আল-মাজমূ‘ গ্রন্থে (৫/২৫২) বলেন: ‘আলেমেরা একমত যে লাহদ এবং শাক্ক উভয় প্রকার কবরে দাফন করা জায়েয। কিন্তু জমি যদি শক্ত হয়, যার মাটি ভেঙে পড়ে না; তাহলে লাহদ উত্তম। আর যদি নরম হয়, যার মাটি ভেঙে পড়ে; সেক্ষেত্রে শাক্ব উত্তম।’[সমাপ্ত]

ইবনে উছাইমীন রাহিমাহুল্লাহ তার ‘আশ-শারহুল মুমতি‘ বইয়ে (৫/৩৬০) বলেন: ‘যদি শাক্ক করার প্রয়োজন হয়; তাহলে তা করতে কোনো সমস্যা নেই। ভূমি যদি বেলে মাটির হলে সেখানে শাক্ক করা প্রয়োজন হয়। যেহেতু সেখানে লাহদ করা সম্ভব হয় না। কারণ বেলে মাটিতে আপনি লাহদ করতে গেলে সেটা ভেঙে পড়বে। সেক্ষেত্রে একটা গর্ত করতে হবে। গর্তের ভেতের আরেকটা গর্ত করা হবে; যে গর্তটিতে মৃত ব্যক্তিকে রাখা হবে। সেটার দুই পাশে কাঁচা ইট দেয়া হবে; যাতে মাটি ভেঙে না পড়ে। তারপর মৃত ব্যক্তিকে এই ইটগুলোর মাঝে রাখা হবে।’[সমাপ্ত]

পূর্বোক্ত আলোচনার ভিত্তিতে মৃত ব্যক্তির মুখ বা শরীরের উপর সরাসরি মাটি ঢালা যাবে না; হোক সেটা বগলী কবর কিংবা সিন্ধুকী কবর। কেননা বগলী কবরে মৃত ব্যক্তিকে কবরের দেয়ালের গায়ে খননকৃত গর্তের ভেতরে রাখা হয়। তার উপর মাটি ঢালা হয় না। আর সিন্ধুকী কবরে অভ্যন্তরীণ গর্তের ছাদ/ছাউনীর উপর মাটি ঢালা হয়; মৃত ব্যক্তির উপর সরাসরি ঢালা হয় না।

আল্লাহই সর্বজ্ঞ।